

ইসকনকে অবিলম্বে নিষিদ্ধের দাবি জবি শিক্ষার্থীদের

জবি সংবাদদাতা

প্রকাশিত: ০০:১৫, ২৭ নভেম্বর ২০২৪



ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল

চট্টগ্রাম আদালত প্রাঙ্গণে আইনজীবী সাইফুল ইসলাম আলিফ হত্যাকাণ্ডের প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। দেশের সার্বভৌমত্বে আঘাত ও দেশে জাতি কার্যক্রম করার দায়ে হিন্দুত্ববাদী উগ্র সংগঠন ইসকনকে অবিলম্বে নিষিদ্ধের দাবি জানা শিক্ষার্থীরা।

UNIBOTS

মঙ্গলবার (২৬ নভেম্বর) রাত সাড়ে নয়টার দিকে ক্যাম্পাসে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশে এ কথা বলেন শিক্ষার্থীরা। এ সময় শিক্ষার্থীরা, নিষিদ্ধ নিষিদ্ধ ইসকন নিষিদ্ধ আমার সোনার বাংলায় ইসকনের ঠাই নাই, ইসকনের কালো হাত ভেঙে দাও গুড়িয়ে দাও আমার ভাই মরলো কেনো প্রশাসন জবাব চাই স্লোগান দিতে থাকে।

সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মাসুম বলেন, বাংলাদেশকে একটি অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করার লক্ষ্যে কিছুদিন যাবৎ চক্রান্ত করে যাচ্ছে উগ্রবাদী হিন্দুত্ববাদী সংগঠন ইসকন। তার প্রতিচ্ছবি চট্টগ্রামে রাষ্ট্রপক্ষের আইনজীবী সাইফুল ইসলাম আলিফ ভাইয়ের নৃশংস হত্যাকাণ্ড। এই হত্যাকাণ্ডের সাথে যারা জড়িত তাদের অবিলম্বে গ্রেফতার করে আইন অনুযায়ী শাস্তি নিশ্চিত করতে হবে।

এ সময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস্ সোসাইটির সভাপতি জুনায়েদ মাসুদ বলেন, দীর্ঘদিন যাবৎ ভারতের মদদে এদেশের হিন্দুত্ববাদী সংগঠন ইসকন অখন্ড ভারত করার দিবাশ্বপ্ন দেখে যাচ্ছে। আমাদের স্বাধীন সার্বভৌম দেশে এই ইসকন বিভিন্ন সময় অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করতে চেয়েছে আজও করছে।

গত পাঁচ আগস্টে পরাজিত শক্তি ফ্যাসিস্ট হাসিনা ভারতে পালিয়ে গিয়ে সেখানে বসে দেশে বিরুদ্ধে ষড়যন্ত্র করতেছে। তার সেই ষড়যন্ত্রের অংশ হিসেবে উগ্র হিন্দুত্ববাদী সংগঠন ইসকন আদালত চত্বরেই এক আইনজীবীকে কুপিয়ে হত্যা করে। আমরা দেশে শান্তি প্রতিষ্ঠা করতে চাই। দেশে কোন অস্থিতিশীল পরিস্থিতি তৈরি হোক তা আমরা চাই না। অবিলম্বে আইনজীবী সাইফুল ইসলামের হত্যাকারীদের আইনের আওতায় নিয়ে বিচার করার জোর দাবি জানাই।

